

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১০

ভূমিকা পর্ব (كتاب المقدمة)

পরিচ্ছেদঃ ১. রসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর সুন্নাতের অনুসরণ।

بَابِ اتِّبَاعِ سُنَّةِ رَسُولِ اللهِ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ شُعَيْبٍ، حَدَّثَنَا سَعِيدُ بْنُ بَشِيرٍ، عَنْ قَتَادَةَ، عَنْ أَبِي قِلاَبَةَ، عَنْ أَبِي قِلاَبَةَ، عَنْ أَبِي أَسْمَاءَ الرَّحَبِيِّ، عَنْ ثَوْبَانَ، أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " لاَ يَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِي عَلَى الْحَقِّ مَنْصُورِينَ لاَ يَضُرُّهُمْ مَنْ خَالَفَهُمْ حَتَّى يَأْتِي أَمْرُ اللَّهِ عَزَّ وَجَلَّ " .

বাংলা

১০/১০। সাওবান (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ কিয়ামাত (কিয়ামত) পর্যন্ত আমার উম্মাতের একটি দল সত্যের উপর স্থির থাকবে এবং সাহায্যপ্রাপ্ত হতে থাকবে। মহামহিম আল্লাহ্র নির্দেশ (কিয়ামাত (কিয়ামত)) আসা পর্যন্ত তাদের বিরুদ্ধবাদীরা তাদের কোন ক্ষতি করতে পারবে না।

English

It was narrated from Thawban that:

The Messenger of Allah (ﷺ) said: "A group among my Ummah will continue to follow the truth and prevail, and those who oppose them will not be able to harm them, until the command of Allah comes to pass."

ফুটনোট

তাখরীজ কুতুরুত সিত্তাহ: মুসলিম ১৯২০, ২৮৮৯, তিরমিয়ী ২১৭৬, ২২২৯; আবূ দাউদ ৪২৫২, আহমাদ ২১৮৮৮, ২১৮৯৭, ২১৯৪৬; দারিমী ২০৯।

তাহক্বীক্ব আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী সাঈদ বিন বাশীর সম্পর্কে আহমদ বিন হাম্বল বলেন তিনি দুর্বল, ইবনু আলী তার সম্পর্কে বলেন, আমি তার হাদিস বর্ণনায় কোন সমস্যা দেখি না তবে তিনি কখনো কখনো



হাদিস বর্ণনায় সন্দেহ করেন। বাযযার বলেন, তিনি সালিহ তার হাদিস বর্ণনায় কোন সমস্যা নেই।শু'বাহ ইবনুল হাজ্জাজ বলেন, তিনি হাদিসের ব্যাপারে সত্যবাদী। উক্ত হাদিসটি শাহিদ এর ভিত্তিতে সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন